

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১৫৬

२०/ कात्रवानी (کتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ২০/১৩. কোরবানীর পশু স্বহস্তে যবেহ করা উত্তম

بَابِ مَنْ ذَبَحَ أُضْحِيَّتَهُ بِيَدِهِ

#### আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ سَعْدِ بْنِ عَمَّارِ بْنِ سَعْدٍ، مُؤَذِّنِ رَسُولِ اللَّهِ ـ صلى الله الله عليه وسلم ـ حَدَّثَنِي أَبِي عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ ذَبَحَ أُضْحِيَّتَهُ عِنْدَ طَرَفِ الزُّقَاقِ طَرِيقِ بَنِي زُرَيْقٍ بِيَدِهِ بِشَفْرَةٍ .

#### বাংলা

২/৩১৫৬। রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর মুআযযিন আম্মার ইবনে সাদ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম যুরাইক গোত্রের রাস্তার পাশে একটি চাকু দিয়ে নিজের কোরবানী পশু গলার কাছ দিয়ে স্বহস্তে যবেহ করেছেন।

### **English**

'Abdur-Rahman bin Sa'd bin 'Ammar bin Sa'd, the Mu'adhdhin of the Messenger of Allah (ﷺ), told us:

"My father told me, from my grandfather, that the Messenger of Allah (ﷺ) slaughtered his sacrifice at the side of an alley, on the road of Banu Zuraiq, with his own hand, using a blade."

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন।

তাহকীক আলবানীঃ দুর্বল। উক্ত হাদিসের রাবী মান বিন সা'দ বিন আম্মার বিন সা'দ আল মুআযযিন সম্পর্কে ইবনু হিব্বান তাকে সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন তাকে দুর্বল বলেছেন। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং



৩৮২৮, ১৭/১৩২ নং পৃষ্ঠা) ২. সা'দ বিন আম্মার বিন সা'দ সম্পর্কে আবুল হাসান ইবনুল কাত্তান বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা অজ্ঞাত। ইমাম যাহাবী বলেন, তার পরিচয় সম্পর্কে জানা সম্ভব হয়নি। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। (তাহযীবুল কামালঃ রাবী নং ২২২২, ১০/২৯২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন